

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রণালয়  
সম্প্রসারণ-২ অধিশাখা  
[www.moa.gov.bd](http://www.moa.gov.bd)

নং ১২.০৫৩.০১৩.০১.০০.১০৯-২০১৪/

তারিখঃ ০৩-০৫-২০১৬

প্রেরক : মোঃ শফিকুল ইসলাম  
উপ- সচিব

প্রাপক : প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা,  
কৃষি মন্ত্রণালয়,  
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : জনাব মোঃ শহিদুল ইসলাম (গ্রেডেশন নং-১১৩৫), প্রাক্তন উপ-পরিচালক(বালাইনাশক মাননিয়ন্ত্রণ), উদ্ভিদ সংরক্ষণ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামাবাড়ি, ঢাকা -এর অনুকূলে সংশোধিত মাসিক অবসর ভাতা ও আনুতোষিক মঞ্জুর সংক্রান্ত।

সূত্র : কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং- ১২.০৫৩.০১৩.০১.০০.১০৯-২০১৪/৯০, তারিখঃ ২৯-০২-২০১৬

জনাব মোঃ শহিদুল ইসলাম (গ্রেডেশন নং-১১৩৫), প্রাক্তন উপ-পরিচালক(বালাইনাশক মাননিয়ন্ত্রণ), উদ্ভিদ সংরক্ষণ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামাবাড়ি, ঢাকা -এর অনুকূলে সংশোধিত মাসিক অবসর ভাতা ও আনুতোষিক মঞ্জুরীর জন্য নিম্নোক্ত কাগজপত্রসহ প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

১	বকেয়া পেনশন ও আনুতোষিক মঞ্জুরীর আবেদন	১ (এক) কপি
২	পেনশন আবেদন ফরম ২.১	১(এক) কপি
৩	পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি	১ (এক) কপি
৪	এলপিআর মঞ্জুরীর আদেশ	১(এক) কপি
৫	প্রাপ্ত পেনশন বৈধ উত্তরাধিকারী ঘোষণা পত্র	১ (এক) কপি
৬	নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ	১(এক) কপি
৭	সংশোধিত প্রত্যাশিত শেষ বেতন সনদ	১(এক) কপি
৮	নাগারিকত্ব সনদপত্র	১ (এক) কপি
৯	অঙ্গীকার নামা	১(এক) কপি
১০	পূর্বের পেনশন মঞ্জুরীর আদেশ	১(এক) কপি
১১	সংশোধিত চাকুরী বিবরণী	১ (এক) কপি

০২। এমতাবস্থায়, মোঃ শহিদুল ইসলাম (গ্রেডেশন নং-১১৩৫), প্রাক্তন উপ-পরিচালক(বালাইনাশক মাননিয়ন্ত্রণ), উদ্ভিদ সংরক্ষণ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামাবাড়ি, ঢাকা -এর অনুকূলে পুনঃনির্ধারিত মূল বেতন ৫৮,৫০০/-টাকার ভিত্তিতে ভূতাপেক্ষভাবে সংশোধিত মাসিক অবসর ভাতা ২৬,৩২৫/- (ছাব্বিশ হাজার তিনশত পঁচিশ) টাকা এবং সংশোধিত আনুতোষিক ৬০,৫৪,৭৫০/- (ষাট লক্ষ চুয়ান্ন হাজার সাতশত পঞ্চাশ) টাকা নির্দেশক্রমে মঞ্জুর পূর্বক উপরিউক্ত কাগজপত্র পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত এতৎসঙ্গে প্রেরণ করা হলো। এর ফলে তিনি বকেয়া আনুতোষিক বাবদ (৬০,৫৪,৭৫০ - ৫৮,২১,৮৭৫) = ২,৩২,৮৭৫/- (দুই লক্ষ বত্রিশ হাজার আটশত পঁচাত্তর) টাকা এবং প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়, কৃষি মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত বকেয়া মাসিক পেনশন প্রাপ্য হবেন।

সংযুক্তিঃ বর্ণনামতে।

(মোঃ শফিকুল ইসলাম)  
উপ- সচিব  
ফোন : ৯৫৪০০৪০

ই-মেইলঃ [dsexten2@moa.gov.bd](mailto:dsexten2@moa.gov.bd)

তারিখঃ ০৩-০৫-২০১৬

নং ১২.০৫৩.০১৩.০১.০০.১০৯-২০১৪/ ২৪৬

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো।

- ১। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামাবাড়ি, ঢাকা।
- ২। উপ- সচিব, সম্প্রসারণ-১ শাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। জনাব মোঃ শহিদুল ইসলাম (গ্রেডেশন নং-১১৩৫), প্রাক্তন উপ-পরিচালক(বালাইনাশক মাননিয়ন্ত্রণ), উদ্ভিদ সংরক্ষণ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামাবাড়ি, ঢাকা।

